

বুয়েটে ভর্তি পরীক্ষার নতুন তারিখ ঘোষণা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১২ মে ২০২১ ০০:০০ | আপডেট: ১১ মে ২০২১ ২২:২৮



দেশে চলমান করোনা ভাইরাস পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২০-২১ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা এক মাস পিছিয়ে নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। নতুন সূচি অনুযায়ী, প্রাক-নির্বাচনী পরীক্ষা ৩১ মে ও ১ জুনের পরিবর্তে যথাক্রমে ৩০ জুন ও ১ জুলাই এবং চূড়ান্ত ভর্তি পরীক্ষা ১০ জুনের পরিবর্তে ১০ জুলাই অনুষ্ঠিত হবে বলে ঘোষণা দেওয়া হয়েছে।

গতকাল মঙ্গলবার বুয়েটের একাডেমিক কাউন্সিলের বৈঠকে পরীক্ষা পেছানোর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন বুয়েট উপাচার্য অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার। বৈঠক শেষে ভর্তিসংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে বুয়েটের ওয়েবসাইটে এ তথ্য জানানো হয়। এর আগে গত ৯ মে বুয়েট ভর্তি পরীক্ষা আয়োজক কমিটির বৈঠকে ভর্তি পরীক্ষা পেছানোর নীতিগত সিদ্ধান্ত নেয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। পূর্বের

সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৩১ মে ও ১ জুন প্রাথমিক বাছাই পরীক্ষা এবং ১০ জুন চূড়ান্ত পরীক্ষা নিতে চেয়েছিল বুয়েট প্রশাসন।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com